**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ৩০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী সহ প্রায় ১০ হাজার নিরাপত্তা কর্মী মোতায়েন করা হবে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে রাজ্য সরকার বহুমুখী কর্মসূচি গ্রহণ করে কাজ করছে ।**

**(৩) দেশের অসংগঠিত ক্ষেত্রের ৫০ লক্ষেরও বেশি কর্মী প্রধানমন্ত্রী শ্রমযোগী মনধন প্রকল্পের জন্য নাম নথিভুক্ত করেছেন ।**

**(৪) আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের নিজস্ব ডাটা সেন্টারের উদ্বোধন ।**

****************************************

**Election Force :**

রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ৩০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী সহ প্রায় ১০ হাজার নিরাপত্তা কর্মী মোতায়েন করা হচ্ছে। সারা রাজ্যে মোট ভোট কেন্দ্রের সংখ্যা দুই

হাজার ২১৯টি। এর মধ্যে স্বাভাবিক ভোটকেন্দ্র ৯৫০, স্পর্শকাতর এক হাজার একশ ৪৬ এবং অতি স্পর্শ কাতর ১২৩টি। কেন্দ্রীয় বাহিনীকে স্পর্শকাতর এলাকা গুলিতে এবং আইনশৃঙ্খলা রক্ষা করার দায়িত্বে মোতায়েন করা হবে বলে পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে।

****************************

**Panchayat-ED VOTE :**

রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস আজ আকাশবাণীকে জানিয়েছেন, ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ইলেকশন ডিউটি ভোট গ্রহণ গতকাল সম্পন্ন হয়েছে। মোট ই ডি ভোটার ছিল ৯ হাজার ৫০৪ জন। তার মধ্যে ভোটাধিকার প্রয়োগ করেছেন ৮ হাজার ৪৪ জন।

****************************

**Press Meet :**

আগামী বৃহস্পতিবার ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ঊনকোটি জেলাতেও সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। আজ বিকালে কৈলাশহরে জেলাশাসক কার্যালয়ের মিলনায়তনে আহুত এক সাংবাদিক সম্মেলনে ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে ঊনকোটি জেলায় ভোটার রয়েছেন ১ লক্ষ ২৮ হাজার ৭৩৭ জন। নির্বাচন উপলক্ষ্যে ৩৬ জন সেক্টর অফিসার নিয়োগ করা হয়েছে।

পুলিশ সুপার কান্তা জানগির জানান, আইন-শৃঙ্খলা রক্ষায় ছয় কোম্পানি কেন্দ্রীয় বাহিনী জেলায় এসেছে। জেলার ৭৫টি এলাকাকে স্পর্শকাতর হিসাবে চিহ্নিত করা হয়েছে। এসব স্থানে থাকবে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা। মোট ৩০ জন পুলিশ সেক্টর অফিসার নিয়োগ করা হয়েছে বলে তিনি জানান।

******************************

**CM Review Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে রাজ্য সরকার বহুমুখী কর্মসূচি গ্রহণ করে কাজ করছে। পাশাপাশি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পগুলি রূপায়ণে গুণগতমান যাতে বজায় থাকে সে বিষয়েও গুরুত্ব দেওয়া হচ্ছে। আজ সচিবালয়ে বিদ্যুৎ দপ্তরের পর্যালোচনা সভায় তিনি একথা বলেন। সভায় বিদ্যুৎ দপ্তরের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি ও সাফল্য পর্যালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বিদ্যুৎ পরিষেবার উন্নয়নে কেন্দ্রীয় সরকারের যেসমস্ত প্রকল্প রয়েছে তা রূপায়ণে বিশেষ উদ্যোগ নিতে হবে। রাজ্যে যেসমস্ত এলাকায় পুরাতন বিদ্যুৎ পরিবাহী তার রয়েছে তা দ্রুত পরিবর্তনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।

মুখ্যমন্ত্রী আরো বলেন, বিদ্যুতের ট্রান্সফরমারগুলোতে প্রয়োজনীয় লোডের সমতা বজায় রাখার জন্য এয়ার কন্ডিশনার (এসি) ব্যবহারের ক্ষেত্রে সচেতনতা অবলম্বন করার প্রয়োজনীয়তা রয়েছে। এসি ব্যবহারের ক্ষেত্রে জনগণকে সচেতন করার লক্ষ্যে দপ্তরকে উদ্যোগী হতে হবে। পাশাপাশি বৈদ্যুতিক ট্রান্সফরমারগুলি নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণের উপরও গুরুত্ব দিতে হবে। বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেন, বিদ্যুৎ বিল সময়মতো প্রদান

করার জন্য ভোক্তাদের সচেতন করতে হবে। বিদ্যুৎমন্ত্রী অবৈধভাবে যারা বিদুৎ ব্যবহার করছেন তাদের চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপরও গুরুত্ব আরোপ করেন।

***************************

**Bangladesh :**

বাংলাদেশে চলতি ছাত্র বিক্ষোভের মধ্যে সহিংসতা ছড়িয়ে পড়ায় আজ প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করেছেন এবং সামরিক বাহিনীর হেলিকপ্টারে দেশ ত্যাগ করেছেন বলে জানা গেছে। সেনা প্রধান জেনারেল ওয়াকের উজ জামান আজ দুপুরে জাতির উদ্দেশ্যে ভাষনে ঘোষণা করেন যে, দেশ পরিচালনার জন্য একটি অন্তর্বর্তী সরকার গঠন করা হবে। তিনি রাষ্ট্রপতির সাথে সরকার গঠনের জন্য কথা বলবেন বলে জানান এবং দেশবাসীকে ধৈয্য ধরে সর্বত্র শান্তি বজায় রাখার আহ্বান জানিয়েছেন।

***************************

**Bangladesh-BSF :**

বাংলাদেশের আভ্যন্তরীণ উদ্‌ভুত পরিস্থিতিতে সীমান্তে নজরদারি বৃদ্ধি করেছে বিএসএফ। বাংলাদেশে ভারতের যে সমস্ত ছাত্র ছাত্রী এখন ও রয়েছে তারা যাতে নির্বিঘ্নে দেশে ফিরতে পারে তার দিকে ও নজর রাখছে বিএসএফ। গতকাল নয় জন ছাত্র আই সি পি দিয়ে রাজ্যে এসে পৌঁছেছে বলে জানান বি এস এফ এর পদস্থ এক আধিকারিক। এদের মধ্যে পাঁচজন আগরতলা আই সি পি এবং দুই জন শ্রীমন্তপুর আই সি পি দিয়ে ফিরে এসেছে।

***************************

**Bangladesh-Khowai :**

খোয়াই জেলার ৪৯ কিলোমিটার সীমান্ত এলাকায় বিশেষ নজরদারির উদ্দেশ্যে আজ দুপুরে খোয়াই জেলা পুলিশ সুপারের কার্যালয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে জেলা পুলিশ সুপার রমেশ কুমার যাদব ছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা পুলিশ সুপার, দুই মহকুমার মহকুমা পুলিশ আধিকারিক, গোয়েন্দা শাখার স্পেশাল ব্রাঞ্চ ইনচার্জ, বিএসএফ, সিআরপিএফ, এসএসবি এবং টিএসআর এর আধিকারিকরা।

*************************

**BJP Prabhari :**

বিজেপি'র ত্রিপুরা প্রদেশের নব নিযুক্ত প্রভারী ডাঃ রাজদ্বীপ রায় আজ আগরতলায় আসেন। আগরতলা রেল স্টেশনে তাঁকে স্বাগত জানান বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, দলের সাধারণ সম্পাদক অমিত রক্ষিত প্রমুখ।

*****************************

**Enforcement Drive-Melaghar :**

সোনামুড়া মহকুমা প্রশাসন, খাদ্য দপ্তর ও মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে আজ মেলাঘর বাজারে অভিযান চালানো হয়। সোনামুড়ার অতিরিক্ত মহকুমা শাসক মহেন্দ্র কাম্বে চাকমা জানিয়েছেন, এই অভিযানে উদ্ধার করা হয়েছে প্রায় ১৫ কে.জি প্লাষ্টিক ক্যারিব্যাগ, হোটেল ও রেস্টুরেন্টে বেআইনি ভাবে ব্যবহার করা ৪টি ডোমেস্টিক এল.পি.জি সিলিন্ডার, ভোজ্য তেল সহ মেয়াদ উত্তীর্ণ প্যাকেটজাত বিভিন্ন খাদ্য সামগ্রী। অতিরিক্ত মহকুমা শাসকের সঙ্গে এই অভিযানে ছিলেন মেলাঘর পুর পরিষদের চিফ ডেপুটি এক্সিকিউটিভ অফিসার অনীশ দেবনাথ,

চিফ ফুড ইন্সপেক্টর রাজনা কুন্ড, ফুড ইন্সপেক্টর সুনন্দা চৌধুরী প্রমুখ।

*******************************

**PMSYM :**

দেশের অসংগঠিত ক্ষেত্রের ৫০ লক্ষেরও বেশি কর্মী প্রধানমন্ত্রী শ্রমযোগী মনধন প্রকল্পের জন্য নাম নথিভুক্ত করেছেন বলে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক জানিয়েছে। উল্লেখ্য, ১৮ থেকে ৪০ বছর বয়সী অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের বার্ধ্যক্য সুরক্ষা দেওয়ার জন্য ২০১৯ সালের ফেব্রুয়ারী মাসে এই প্রকল্পটি চালু হয়েছিল। শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী শোভা করন্দলাজে জানান, হরিয়ানায় সর্বাধিক আট দশমিক দুই পাঁচ লক্ষেরও বেশি শ্রমিক, উত্তরপ্রদেশের ছয় দশমিক আট লক্ষেরও বেশি এবং মহারাষ্ট্রে ছয় দশমিক এক লক্ষেরও বেশি শ্রমিক এই প্রকল্পের অধীনে নাম নথিভুক্ত করেছেন।

***************************

**Agartala Smart City Limited :**

মুখ্যসচিব জে কে সিনহা আজ ইন্দ্রনগরে আইটি ভবনে আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের নিজস্ব ডাটা সেন্টারের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের কার্যনির্বাহী আধিকারিক ডা. শৈলেশ কুমার যাদব প্রমুখ।

ডাটা সেন্টারের উদ্বোধনের পর আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের কার্যনির্বাহী আধিকারিক ডা. শৈলেশ কুমার যাদব সংবাদিকদের জানান, সারা দেশের সবগুলি স্মার্ট সিটির মধ্যে সর্বপ্রথম

আগরতলা স্মার্ট সিটি লিমিটেডেরই নিজস্ব ডাটা সেন্টার নির্মাণ করা হয়েছে। পূর্বে ডিআইটি'র সঙ্গে যৌথভাবে স্মার্ট সিটির ডাটা সেন্টার পরিচালনা করা হত। তিনি বলেন, মোট ৩০ কোটি ৭২ লক্ষ টাকা ব্যয়ে এই ডাটা সেন্টার নির্মাণ করা হয়। দুই মাসের মধ্যে এর নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। আগরতলা শহরের সবগুলি সিসি টিভি, ট্রাফিক পয়েন্ট, এলইডি ডিসপ্লে বোর্ড এই ডাটা সেন্টারের সঙ্গে যুক্ত রয়েছে। মোট ১৫৬ কিলোমিটার অপটিক্যাল ফাইবারের মাধ্যমে এগুলি যুক্ত রয়েছে। এই ডাটা সেন্টারে সর্বাপেক্ষা ৩০ দিনের সমস্ত ধরণের ডাটা মজুত থাকবে। কিন্তু বিশেষ প্রয়োজনে নির্দিষ্ট ডাটা যতদিন ইচ্ছা ততদিন সংরক্ষিত রাখা যাবে। ডাটা সেন্টারটি দিনরাত ২৪ ঘন্টা চালু থাকবে।

****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দুদিনের সফরে ফিজি প্রজাতন্ত্রের নাদিতে পৌঁছেছেন। সেখানকার উপপ্রধানমন্ত্রী ডিলিয়ম গাভোকা এবং ফিজিতে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার পিএস কার্থিগিয়ান তাকে বিমানবন্দরে স্বাগত জানান। রাষ্ট্রপতি মুর্মু ফিজির রাষ্ট্রপতি উইলিয়াম কাটোনিভের এবং প্রধানমন্ত্রী সিন্টিভেণী রাবুকার সাথেও বৈঠক করবেন। আগামীকাল ও পরশুদিন তিনি বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠকে যোগ দেবেন। এছাড়া ফিজিয়ান সংসদে ভাষণ দেবেন রাষ্ট্রপতি মুর্মু। তিনি সুভার গান্ধী মেমোরিয়াল কলেজ এবং নাদিতে শ্রী সুব্রামানিয়াম স্বামী মন্দিরটি পরিদর্শন করবেন।

******************************

**J P Nadda :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে..পি নাড্ডা বলেছেন, কেন্দ্র সরকার স্বাস্থ্য খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। লোকসভায় শ্রী নাড্ডা জানান, জাতীয় স্বাস্থ্য মিশনের মাধ্যমে মোট বাজেটের ৫৫ শতাংশ ব্যয় করা হচ্ছে। তিনি আরো জানান, সরকার ধীরে ধীরে স্বাস্থ্য বাজেট বাড়াচ্ছে এবং বর্তমানে তা জিডিপির ১.৯ শতাংশে পৌঁছেছে। আয়ুষ্মান ভারত, বিনামূল্যে ওষুধ, ডায়াগনস্টিক পরিষেবা এবং বিনামূল্যে স্ক্রীনিং এর কারণে পকেটের বাইরে ব্যয় ৬২ শতাংশ থেকে ৪৭.১ শতাংশে নেমে এসেছে। স্বাস্থ্যমন্ত্রী আরও জানান, মোদি সরকারের অধীনে মোট ২২টি এইমস অনুমোদিত হয়েছিল, যার মধ্যে ১৮টি ইতিমধ্যেই চালু হয়েছে এবং আরো চারটির নির্মাণ কাজ চলছে।

**************************

**Wayanad :**

ভয়াবহ ভূমিধসে বিধ্বস্ত কেরলের ওয়ানাডে-তে উদ্ধার কার্য অব্যাহত রয়েছে। আশঙ্কা করা হচ্ছে এখনও বেশ কিছু মানুষ নিখোঁজ রয়েছে। ভয়াবহ এই ভূমিধ্বসের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০৮।

***************************

**High Court order :**

মাদক দ্রব্য মামলায় নেশার বিরুদ্ধে এক মাস ধরে প্রচার করার শর্তে দুই অভিযুক্তকে অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছে ত্রিপুরা হাইকোর্ট। আজ হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ এই রায় দিয়েছেন। আগামী ৫ই সেপ্টেম্বর পর্যন্ত দুই অভিযুক্ত গন্ডাতুইসার বাসিন্দা জীবনজয় ত্রিপুরা এবং সেলেনজয় ত্রিপুরার শর্তসাপেক্ষ

জামিন মঞ্জুরের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এর আগে জেল হাজতবাসী এই দুই অভিযুক্তর পরিবারের সদস্যদের নেশাদ্রব্য ব্যবহারের বিরুদ্ধে এক মাস ধরে প্রচার করতে নির্দেশ দিয়েছিলেন বিচারপতি শ্রী লোধ। এই মামলায় দুই অভিযুক্তর পক্ষে বরিষ্ঠ আইনজীবী সুব্রত সরকার জানিয়েছেন, আদালতের নির্দেশ পেয়ে এক মাস ধরে প্রায় ৭০০ গ্রামবাসীকে নেশার বিরুদ্ধে সচেতন করেছেন অভিযুক্তদের পরিবারের সদস্যরা। তাছাড়া দুটি স্কুলেও তারা মাদক দ্রব্যের বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলেন।

**************************

**Workshop kakrabon Block :**

আজ কাকড়াবন ব্লকের কমিউনিটি হলে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের কাজে নিযুক্ত ভোট কর্মীদের নিয়ে এক দিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ শিবিরে উপস্থিত ছিলেন গোমতি জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক তড়িৎ কান্তি চাকমা, কাঁকড়াবন ব্লকের বিডিও অনিন্দ্য দত্ত। উল্লেখ্য, কাকড়াবন ব্লকে নির্বাচন কাজের দায়িত্বে রয়েছেন ৪৭৮ জন ভোট কর্মী।

***************************

**Belonia Football :**

বিলোনিয়ায় অনুষ্ঠিত ওরিয়েন্টাল ফুটবল প্রতিযোগিতায় আজ ফ্রিডম ফাইটার পতিছরি ৫-১ গোলে বঙ্কুল এফসি দলকে পরাজিত করেছে। বিজয়ী দলের পক্ষে সালকা জমাতিয়া, শান্তি সাধন জমাতিয়া, অমর জমাতিয়া, লাদেন জমাতিয়া এবং সুহাস

মারাক একটি করে গোল করেন। বঙ্‌কুল এফসি দলের হয়ে পবন চাকমা একমাত্র গোল করেন।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

****************************